



প্রোফাইল

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের উপসচিব জনাব পংকজ কুমার পাল বিসিএস (কৃষি) ক্যাডারের ১৯৮৫ ব্যাচের কর্মকর্তা। তিনি ১৯৬১ সালে শেরপুর জেলা শহরে জন্মগ্রহণ করেন। তিনি শেরপুর জি কে এম ইন্সটিটিউশন হতে ১৯৭৬ সনে মাধ্যমিক এবং শেরপুর সরকারী কলেজ হতে ১৯৭৮ সালে উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হতে বিএসসিএজি (অনার্স) ও এমএসসি (এজি) ডিগ্রী অর্জন করেন।

জনাব পংকজ কুমার পাল ১৯৮৭ সনে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে এসএমও হিসেবে সিরাজগঞ্জ জেলায় চাকুরী জীবন শুরু করে জামালপুর ও শেরপুর জেলার বিভিন্ন উপজেলায় উক্ত পদে নিয়োজিত ছিলেন। তিনি ১৯৯৭ হতে ২০০১ সাল পর্যন্ত মৃত্তিকা সম্পদ ইন্সটিটিউটে বৈজ্ঞানিক কর্মকর্তা পদে কর্মরত ছিলেন। ২০০১ সনে পদোন্নতি প্রাপ্ত হয়ে বগুড়ার আদমদীঘি উপজেলায় অতিরিক্ত কৃষি অফিসার পদে যোগদান করে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে ২০০৩ সাল থেকে দেশের বিভিন্ন জেলা উপজেলায় উপজেলা কৃষি অফিসার, উর্ধ্বতন প্রশিক্ষক পদে কর্মরত থেকে দায়িত্ব পালন করেন।

২০১২ সালে তিনি উপসচিব পদে পদোন্নতি পান এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়ে যোগদান করে অদ্যাবধি কর্মরত থেকে দায়িত্ব পালন করছেন। নৌ-পরিবহন মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি উর্ধ্বতন প্রশিক্ষক হিসেবে কৃষি প্রশিক্ষণ ইন্সটিটিউট এ কর্মরত ছিলেন।

তিনি বিভিন্ন সরকারী সফরে জনস্বার্থে ডেনমার্ক, মালয়েশিয়া, উত্তর আয়ারল্যান্ড, ভারত, যুক্তরাষ্ট্র ও জার্মানী ভ্রমণ করেছেন।

জনাব পংকজ কুমার পাল বিবাহিত এবং দুই কন্যা ও এক পুত্র সন্তানের জনক। তাঁর স্ত্রীর নাম শম্পা পাল।